

৭। সম্পূরক শুল্ক আরোপ।— (১) বিলাস পণ্য, অত্যাবশ্যক নহে এবং সামাজিকভাবে অনভিপ্রেত<sup>১</sup> [এবং অন্যান্য পণ্য ও সেবা যাহার উপর জনস্বার্থে সম্পূরক শুল্ক আরোপ করা যুক্তিযুক্ত] তৃতীয় তফসিলে উল্লিখিত এমন পণ্য ও সেবা যাহা বাংলাদেশে সরবরাহকৃত, আমাদানিকৃত বা প্রদত্ত হয় উহার উপর উক্ত তফসিলে উল্লিখিত হারে সম্পূরক শুল্ক আরোপিত হইবে।

(২) সম্পূরক শুল্ক আরোপের উদ্দেশ্যে পণ্য বা সেবার মূল্য হইবে,—

(ক) আমাদানিকৃত পণ্যের ক্ষেত্রে, আমাদানি শুল্ক আরোপের লক্ষ্যে Customs Act. এর Section 25<sup>২</sup> [অথবা section 25A] এর অধীন<sup>৩</sup> [আমাদানী শুল্ক আরোপনীয় মূল্যের সহিত আমাদানী শুল্ক<sup>৪</sup> [এবং অন্যান্য শুল্ক ও কর (অগ্রিম আয়কর, সম• —রক শুল্ক ও ম—ল্য সংযোজন কর ব্যতীত) যোগ<sup>৫</sup>] করিয়া যে মূল্য হয় সেই মূল্য]

(খ) বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের ক্ষেত্রে, প্রস্তুতকারক বা উৎপাদক কর্তৃক<sup>৬</sup> [এবং করযোগ্য অন্যান্য পণ্যের ক্ষেত্রে ব্যবসায়ী কর্তৃক] উক্ত পণ্যের ক্রেতার নিকট হইতে প্রাপ্ত পণ্য<sup>৭</sup> [যাহাতে] মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক অন্তর্ভুক্ত থাকিবে না; [\*\*\*]

(গ) বাংলাদেশে প্রদত্ত সেবার ক্ষেত্রে, সেবা প্রদান বাবদ সর্বমোট প্রাপ্তি যাহাতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক অন্তর্ভুক্ত থাকিবে না<sup>৮</sup>; [এবং]

<sup>৮</sup>(ঘ) যে পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর আরোপিত হইবে সেই পণ্যের ক্ষেত্রে সম্পূরক শুল্ক আরোপের উদ্দেশ্যে এই আইনের ধারা ৫(৩) এ বর্ণিত খুচরা মূল্য উক্ত পণ্যের মূল্য বলিয়া বিবেচিত হইবে।]

(৩) মূল্য সংযোজন কর যে সময় ও পদ্ধতিতে প্রদান করা হয় সেই একই সময় ও পদ্ধতিতে সম্পূরক শুল্ক প্রদেয় হইবে।

<sup>১</sup>। অর্থ আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ১৬ নং আইন) এর ধারা ৭(৩) বলে “বিলাস পণ্য, অত্যাবশ্যক নহে এবং সামাজিকভাবে অনভিপ্রেত” শব্দগুলির পর “ এবং অন্যান্য পণ্য ও সেবা যাহার উপর জনস্বার্থে সম্পূরক শুল্ক আরোপ করা যুক্তিযুক্ত” শব্দগুলি সন্নিবেশিত।

<sup>২</sup>। অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮(৪) বলে “অথবা section 25A” শব্দগুলি, সংখ্যাটি ও অক্ষরটি সন্নিবেশিত।

<sup>৩</sup>। অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬(৩) বলে শব্দগুলি প্রতিস্থাপিত।

<sup>৪</sup>। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৫০ বলে “যোগ” শব্দটির পরিবর্তে “এবং অন্যান্য শুল্ক ও কর (অগ্রিম আয়কর, সম• —রক শুল্ক ও ম—ল্য সংযোজন কর ব্যতীত) যোগ” শব্দগুলি, বন্ধনী ও কমা প্রতিস্থাপিত।

<sup>৫</sup>। অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬(৫) বলে “এবং করযোগ্য অন্যান্য পণ্যের ক্ষেত্রে ব্যবসায়ী কর্তৃক” শব্দগুলি সন্নিবেশিত।

<sup>৬</sup>। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(৫) (ক) বলে “যাহাতে” শব্দটি প্রতিস্থাপিত এবং দফা (খ) এর শেষ প্রান্তস্থিত “এবং” শব্দটি বিলুপ্ত।

<sup>৭</sup>। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(৫) (খ) বলে দাঁড়ির পরিবর্তে সেমিকোলন ও শব্দটি প্রতিস্থাপিত।

<sup>৮</sup>। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(৫) (খ) বলে নতুন দফা (ঘ) সংযোজিত।